

### অপার্থিব

(ছুটির সঙ্গে গোপালপুরে প্রাক-সম্ভার সৈকতের স্মৃতি মনে রেখে)  
 একা একা নির্জন সৈকত ধরে অনেক দূরেই সে তো গিয়েছিল চলে  
 যেখানে হাওয়ার শব্দ জীবনের কোন ভাষা রচনা করলেও তার  
 স্বরলিপি কখনো ওঠে না বেজে কর্মময় পৃথিবীর ব্যস্ত একতানে  
 কেন তবে বিকেলের রোদের মতন পৃথিবীর কথা ভুলে অতদূরে একা  
 তরঙ্গের বিবিক্ত গর্জন যত দূরে মনে হয় বিষণ্ণ গানের সুর  
 পৃথিবী ছাড়িয়ে কোন দূরতর পৃথিবীর কলরোল বেলাভূমি থেকে

একটি একটি করে বালুকণা ছুঁয়ে সে কি খুঁজেছিল বাইশ বছর  
 কত মাস কত দিন দণ্ড পল অনুপল সময়ের স্বর্ণিল দর্পণে  
 বিস্তিত রাখায়; অচেনা মানবী যেন সংগোপনে পঙ্খের পেটিকা খুলে  
 একটি একটি করে, দেখেছিল যদি পায় সেই অলৌকিক অঙ্গুরীয়।  
 সোনার বর্ণিকা দিয়ে অঙ্গুর্য এঁকেছিল মুখ; পৃথিবীর নারী সে কি  
 যখন বলেছি ডেকে : 'আমাকে নিলে না সাথে?'  
 হাসি তার বিমূর্ত উত্তর।

রমেশ পুর কায়স্থ

